যুগান্তর

20 MAR 2017
১৮ 2

কন্ট্রোলার কারাগারে

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর শেষ বর্ষের পরীক্ষা স্থগিত

**গাজীপুর প্রতিনিধি**

দুর্নীতির দায়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক গ্রেফতারের পর অনিবার্য কারণ দেখিয়ে স্নাতকোত্তর শেষ বর্ষের সব পরীক্ষা স্থগিত করে রোববার বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. হারুন-অর-রশিদ জানান, কন্ট্রোলারই পরীক্ষার মূলব্যক্তি। পরীক্ষা ও কারিগরি দিক তিনিই দেখেন। তার জামিন বা মুক্তি ছাড়া পরীক্ষা নেয়া কঠিন। আশা করি কিছু দিনের মধ্যে এর সমাধান হবে। তখন পরীক্ষার সিডিউল দেব। পরীক্ষা নিয়ন্ত্রকের অভাবে প্রশ্নপত্র ছাঁপানো, বিতরণ, সমন্বয়, মনিটরিং, কেন্দ্রের সঙ্গে যোগাযোগ রক্ষা করা সমস্যা হচ্ছে। পরীক্ষা শাখায় লোক তো আছেই। কিন্তু তাদের জন্য একজন কর্তাব্যক্তি থাকেন। হঠাৎ করে তো তার রিপ্লেসমেন্ট হয় না।

কন্ট্রোলারের স্থলে অন্যজনকে রিসপ্লেসন্টের ব্যাপারে তিনি আরও বলেন, দীর্ঘদিনে একটা হাত গড়ে ওঠে। সেটা রিপ্লেস করতে অনেক সময় দরকার। কিছু কিছু আছে যার রিপ্লেসমেন্টই হয় না। হঠাৎ করে অন্যজনকে দ্রুত রিপ্লেসমেন্ট করা সম্ভব হয় না। এর জন্য সময় প্রয়োজন। এদিকে রোববার জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতরের ভারপ্রাপ্ত পরিচালক মো. ফয়জুল করিম সংবাদ বিজ্ঞপ্তিতে জানান, অনিবার্য কারণ বশত আগামী ৩ এপ্রিল অনুষ্ঠেয় ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের নিয়মিত ও প্রাইভেট (নতুন সিলেবাস) এমএ, এমএসএস, এমবিএ, এমএসসি, ও এম মিউজ শেষ পর্ব (আইসিটিসহ) পরীক্ষা স্থগিত করা হল। কিছুদিনের মধ্যে উল্লিখিত পরীক্ষার নতুন সময়সূচি বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হবে।